# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৬১

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ثَوْبَانِ قِطْرِيَّانِ غَلِيظَانِ وَكَانَ إِذا قعد فرق ثَقُلَا عَلَيْهِ فَقَدِمَ بَزٌّ مِنَ الشَّامِ لِفُلَانٍ الْيَهُودِيِّ. فَقُلْتُ: لَوْ بَعَثْتَ إِلَيْهِ فَاشْتَرَيْتَ مِنْهُ ثَوْبَيْنِ إِلَى الْمَيْسَرَةِ فَأَرْسَلَ إِلَيْهِ فَقَالَ: قَدْ عَلِمْتُ مَا تُرِيدُ إِنَّمَا تُرِيدُ أَنْ تَذْهَبَ بِمَالِي فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كَذَبَ قَدْ عَلِمَ أَنِّي مِنْ أَتْقَاهُمْ وآداهُم للأمانة» . رَوَاهُ التِّرْمِذِيّ وَالنَّسَائِيّ

বাংলা

৪৩৬১-[৫৮] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ব্যবহারের দু’টি ক্বিত্বরি মোটা কাপড় ছিল। যখন তিনি (তা পরিধান করে) বসতেন এবং ঘর্মাক্ত হতেন, তখন কাপড় দু’টি তাঁর উপরে ভারী হয়ে যেত। (এমনি সময়) সিরিয়া হতে জনৈক ইয়াহূদীর কিছু কাপড় এলো। তখন আমি বললামঃ আপনি যদি কাউকে তার কাছে পাঠিয়ে সাধ্যমত দু’টি কাপড় ক্রয় করতেন মূল্য পরিশোধের শর্তে, তাহলে কতই না ভালো হত! অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এক ব্যক্তিকে তার (ইয়াহূদীর) নিকট পাঠালেন। তখন সে (ইয়াহূদী) বলল : আমি তোমার উদ্দেশ্য বুঝতে পেরেছি, তুমি আমার মালটি আত্মসাৎ করতে চেয়েছ। (ইয়াহূদী বাহ্যত কথাটি প্রেরিত লোকটিকে বললেও প্রকৃতপক্ষ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কেই উদ্দেশ্য করে বলেছিল। লোকটি এসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে উক্তিটি জানাল।) তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে (ইয়াহূদী) মিথ্যা বলেছে। সে নিশ্চিতভাবে জানে যে, আমি তাদের সকলের চেয়ে অধিক আল্লাহভীরু এবং আমানাত রক্ষাকারী। (তিরমিযী ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ১২১৩, নাসায়ী ৪৬২৮, মুসনাদে আহমাদ ২৫১৮৪, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৬২২৪, হিলইয়াতুল আওলিয়া ৩/৩৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ হাদীসের শেষের অংশে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ঐ ইয়াহূদী মিথ্যা বলেছে। কারণ সে তাদের ধর্মীয় গ্রন্থ তাওরাতের মাধ্যমে জানে যে, আমি মানুষের মাঝে সবচেয়ে তাকওয়াবান মানুষ। এটা জানার পরেও সে হিংসার বশবর্তী হয়ে এরূপ বলেছে। তারা সবকিছু পরিষ্কারভাবে জানত, যেমনটা আল্লাহ তা‘আলা বলেছেন, الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ يَعْرِفُونَه كَمَا يَعْرِفُونَ أَبْنَاءَهُمْ

‘‘যাদেরকে কিতাব দেয়া হয়েছে তারা তাঁকে (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে সেভাবেই চেনে যেভাবে তারা তাদের সন্তানদের চেনে’’- (সূরাহ্ আল বাকারাহ্ ২ : ১৪৬)। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75085

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন